গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
www.debendracollege.gov.bd

নং-সদেক/২০২১/প্রশাঃ/এন-২/ ১৭২ তারিখ ঃ ০৭.০৯.২০২২ খ্রি.

নোটিশ

এতদ্দ্বারা ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ৩য় ক্লাস পরীক্ষা (CT-3) আগামী ১৮.০৯.২০২২ থেকে ২৮.০৯.২০২২ খ্রি. তারিখের মধ্যে একাডেমিক ক্যালেন্ডারে উল্লিখিত সিলেবাসের আলোকে সংশ্লিষ্ট বিষয়ের ক্লাস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট বিভাগের তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে।

শিক্ষার্থীদের প্রতি বিশেষ নির্দেশাবলী ঃ

১। শ্রেণি পরীক্ষায় (CT-3) শিক্ষার্থীদের অংশগ্রহণ বাধ্যতামূলক।
২। শিক্ষার্থীদের ক্লাস পরীক্ষার (CT-3) জন্য খাতা নিয়ে আসতে হবে।
৩। প্রতিটি পরীক্ষার পূর্ণমান ২০ নম্বর এবং উক্ত পরীক্ষায় প্রাপ্ত নম্বর বার্ষিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে ফলাফল প্রকাশ করা হবে।
৪। শিক্ষার্থীদেরকে কলেজ ইউনিফরম পরিহিত অবস্থায় আই ডি কার্ডসহ শ্রেণি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
৫। একাদশ শ্রেণির বিজ্ঞান শাখার শিক্ষার্থীদেরকে পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান বিষয়ের ১ম বর্ষের ব্যবহারিক খাতা সংশ্লিষ্ট বিভাগের পরামর্শ মোতাবেক প্রস্তুত করে আগামী ১০.১০.২০২২ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে স্বাক্ষর করিয়ে নিতে হবে।
৬। ব্যবহারিক খাতায় সময়মত স্বাক্ষর না নিলে ব্যবহারিক খাতার নম্বরের অংশ বার্ষিক পরীক্ষার নম্বরের সাথে যুক্ত হবে না।
৭। একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা আগামী অক্টোবর/২০২২ মাসের ৩য় সপ্তাহে অনুষ্ঠিত হবে।

(প্রফেসর ড. মোঃ রেজাউল করিম) ৭/৯/২০২২
আই ডি নং - ২৫৩০
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থ অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। বিভাগীয় প্রধান (সকল), সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
০২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
০৩। সংরক্ষণ নথি।